

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৭৬/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ২১ ডিসেম্বর, বৃহস্পতিবার ২০২৩, ০৬ পৌষ ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। ভোট পর্যবেক্ষণ করবে ৩০৫ সদস্যের মনিটরিং সেল
- ০২। ভোট গ্রহণকারী কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভা; ময়মনসিংহে জমে উঠেছে নির্বাচনী প্রচার

০১। ভোট পর্যবেক্ষণ করবে ৩০৫ সদস্যের মনিটরিং সেল

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ৩০৫ সদস্যের উচ্চ পর্যায়ের একটি মনিটরিং সেল ভোট পর্যবেক্ষণ করবে। এক্ষেত্রে নির্বাচন ভবনে থাকবে ১১ সদস্যের কেন্দ্রীয় টিম। আর ৮ বিভাগের চার সাব সেল ও ৬৬ রিটার্নিং কর্মকর্তার কার্যালয়ে অন্যরা দায়িত্ব পালন করবেন। নির্বাচন কমিশনের (ইসি) দায়িত্বশীল সূত্রগুলো বিষয়টি নিশ্চিত করেছেন। জানা গেছে, আগামী ১ জানুয়ারি থেকে টিমের সদস্যরা প্রাথমিক কাজ শুরু করবেন। রিটার্নিং কর্মকর্তাদের কার্যালয়ে চারজন করে ২৬৪ কর্মকর্তা দায়িত্ব পালন করবেন। এছাড়া ৮ বিভাগের চারটি সাব ছেলে থাকবেন ৩০ সদস্য। তারা নির্বাচনের যেকোনো পরিস্থিতি প্রতিবেদন একটি নির্দিষ্ট অ্যাপের মাধ্যমে নির্বাচন ভবনে পাঠাবেন। তাদের প্রতিবেদন অনুযায়ী ব্যবস্থা নেবে কেন্দ্রীয় মনিটরিং সেল। ইসির স্মার্ট কার্ড বা আইডিইএ-২ প্রকল্পের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল আবুল হাসনাত মোহাম্মদ সায়েমের নেতৃত্বে এ টিমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়সহ সব আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতিনিধিরা থাকবেন। তারা তাদের স্ব স্ব বাহিনীকে নির্বাচন কমিশনের প্রয়োজনীয় দিকনির্দেশনা পাঠাবেন। কমিটি মূল দায়িত্ব পালন করবে ০৬ জানুয়ারি সকাল ০৮টা থেকে ০৯ জানুয়ারি সকাল ০৮টা পর্যন্ত মোট ৭২ ঘন্টা। সূত্র: দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

০২। ভোট গ্রহণকারী কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভা; ময়মনসিংহে জমে উঠেছে নির্বাচনী প্রচার

বুধবার (২০ ডিসেম্বর) দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৪ উপলক্ষে ময়মনসিংহের ত্রিশাল উপজেলার ভোটগ্রহণকারী কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ময়মনসিংহ জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী। নেত্রকোনার দুর্গাপুরে মঙ্গলবার (১৯ ডিসেম্বর), ময়মনসিংহের তারাকান্দায় অনুরূপ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। এদিকে, নির্বাচনী প্রচার জমে উঠেছে। প্রতীক পেয়ে পুরোদমে প্রচার-প্রচারণা ও গণসংযোগ শুরু করেছেন প্রার্থী সমর্থকরা। বিভিন্ন এলাকার অলিগলিতে চলছে নির্বাচনী প্রচার। সূত্র: দৈনিক নিউ টাইমস, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন ও আজকের বাংলাদেশ।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** হরতাল- অবরোধে দূরপাল্লার গাড়ি কম চললেও ট্রেন চলাচল স্বাভাবিক ছিল। কিন্তু গত কয়েকদিনে ট্রেনে নাশকতা বেড়ে যাওয়ায় যাত্রীদের জন্য ভয়ংকর হয়ে উঠেছে ট্রেন যাত্রা। তাই তদন্তক্রমে দ্রুত নাশকতাকারীদের সনাক্ত করে দৃষ্টান্ত যোগ্য বিচারের আওতায় আনার বিকল্প নেই। সূত্র: দৈনিক স্বজন, আজকের বাংলাদেশ।
- (খ) **দৈনিক সবুজ:** পাট শিল্পের সঙ্গে জড়িয়ে আছে দেশের এক সফল ইতিহাস এবং মিশে আছে স্বকীয়তা। তবে যুগের সঙ্গে তাল মিলিয়ে পাট জাত পণ্য তৈরি করতে ব্যর্থ হওয়ায় পাটের বাজার দর নিম্নমুখী হতে থাকে। পাট শিল্পের প্রসারে সরকারকে আর্থিক ও অন্যান্য সহযোগিতা নিয়ে এগিয়ে আসতে হবে।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। দুশ্চিন্তার দিন শেষ, স্মার্ট ভূমিসেবায় বাংলাদেশ-মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান। সূত্র: দৈনিক সবুজ।
- ০২। চাই পরিবেশবান্ধব নিরাপদ খাদ্য-অমল বড়ুয়া। সূত্র: দৈনিক নিউ টাইমস।
- ০৩। বিশ্বাসযোগ্য নির্বাচনের বিকল্প নেই?-ড. প্রণব কুমার পাণ্ডে। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।